

**ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ**  
**ভাটিয়ারী শাখা, চট্টগ্রাম।**

**অর্থক্ষণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি**

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, জনাব মো: আনোয়ার পিতা- সোনামিয়া সওদাগর, মাতা-জামেনা খাতুন, ব্যবসায়িক ঠিকানা- মেসাস খাজা **আমরণমাট**, মোস্তফা অয়েল মিলের সামনে, ডি,টি রোড, ভাটিয়ারী, সীতাকুন্ড, চট্টগ্রাম, বর্তমান ঠিকানা- হাজী সোনা মিয়া সওদাগরের বাড়ী, বানিয়া পাড়া, ভাটিয়ারী, সীতাকুন্ড, চট্টগ্রাম, স্থায়ী ঠিকানা-হাজী সোনা মিয়া সওদাগরের বাড়ী, বানিয়া পাড়া, ভাটিয়ারী, সীতাকুন্ড, চট্টগ্রাম, কর্তৃক ইউসিবি, ভাটিয়ারী শাখা হইতে গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি (যদি থাকে) রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের বমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ১৫/০৮/২০১৭ ইং তারিখ পর্যন্ত ব্যাংকের পাওনা মোট ২, ৭৯, ২৩, ৪০৫.১০ (দুই কোটি উনাশি লক্ষ তেইশ হাজার চারশত পাঁচ টাকা দশ পয়সা মাত্র) টাকা সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্ত নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য অগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

**বন্ধকী সম্পত্তিসমূহের তফসিল**

- ১) মৌজা:ভাটিয়ারী,খানা:সীতাকুন্ড,জেলা:চট্টগ্রাম, জেএল নং-৬০ আর এস খতিয়ান নং-১৯৯, ২০২, ২০৫ আর এস দাগ নং-১২৬০, ১২৬২, ১২৮৬ বি এস খতিয়ান নং-৩৬৭, ১১৪৬ বি এস নামজারী খতিয়ান নং-৩৭০৫ বি এস দাগ নং-৫৯৪, ৬০৬ জমির পরিমাণ ৫.৬৭ শতকা
- ২) মৌজা:ভাটিয়ারী,খানা:সীতাকুন্ড,জেলা:চট্টগ্রাম, জেএল নং-৬০ আর এস খতিয়ান নং-১৯৯, ২০২, ২০৫ আর এস দাগ নং-১২৬০, ১২৬২, ১২৮৬ বি এস খতিয়ান নং-৩৬৭, ৩৬৮, ২১৩৫ বি এস নামজারী খতিয়ান নং-৩৮৯০ বি এস দাগ নং-৫৯৭, ৫৯৮, ৬০৬ জমির পরিমাণ ৫.০০ শতকা
- ৩) মৌজা:ভাটিয়ারী,খানা:সীতাকুন্ড,জেলা:চট্টগ্রাম, জেএল নং-৬০ আর এস খতিয়ান নং-১৯৯, ১৮৩, ২০৪, ২০৫, ১১৫৩ আর এস দাগ নং-১২৩৬, ১২৮৬, ১২৬০, ১২৬৩, ১২৬৪, বি এস খতিয়ান নং-১৮৩, ৩৬৫, ৫৫৪, ১৫১৫, ৩৬৮, ২১৩৫ বি এস নামজারী খতিয়ান নং-২৭৭৬ বি এস দাগ নং-৫৯৭, ৫৪৫, ৬০৭, ৬০৮, ৫৯৮ জমির পরিমাণ ৩.২৪ শতকা

**নিলামের শর্তাবলী :-**

- ১। আগামী ২১.০৯.২০১৭ ইং তারিখ বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, ভাটিয়ারী শাখায় রক্ষিত বাস্তব সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
- ২। প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার জামানত স্বরূপ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, ভাটিয়ারী শাখার অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।
- ৩। অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে, এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।
- ৪। দরদাতাগণ তফসিলভুক্ত এক বা একাধিক ক্রমিকের সম্পত্তির জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন, তবে একই ক্রমিকের সম্পত্তির আংশিক এর জন্য দরপত্র গ্রহণযোগ্য হইবেনা।
- ৫। দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।

- ৬। ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিষ্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিষ্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন- রেজিষ্ট্রেশন ফি, ষ্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রয়োজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা- সিটি কর্পোরেশন/পৌরসভা, ওয়াসা, ডেসা/ডেসকো, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদি সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা সফল দরদাতাকেই বহন করিতে হইবে।
- ৭। দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তুতকৃত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ব/স্বত্বের দলিল ইত্যাদি সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হইবে না।
- ৮। দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।
- ৯। ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহণ বা সকল দরপত্র বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবেন।

ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, ভাটিয়ারী শাখা।